



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
জনতথ্য বিভাগ, ঢাকা ওয়াসা
৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-১২১৫
Website: www.dwasa.org.bd

স্মারক নং-৪৬.১১৩.১০৩.০০.০০.০৫১.২০১৫/৩৩৮

তারিখ : ২৯/০৩/২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

“ঢাকা ওয়াসার পানি ব্যবস্থাপনা সরেজমিনে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক পরিদর্শন”



ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আমিনুল ইসলাম ২৮ মার্চ ২০২৬ তারিখ রাত ১১:০০ টায় সংস্থার পানি সরবরাহ ব্যবস্থার কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন। এ সময় তিনি জোন-৬ এলাকায় একটি পাম্প পরিদর্শন করেন। পরবর্তীতে একই রাত ১২:০৬ মিনিটে তিনি জোন-২-এর আওতাধীন আরেকটি পাম্প পরিদর্শন করেন। পরিদর্শনকালে উভয় পাম্পে দায়িত্বপ্রাপ্ত কোনো পাম্প অপারেটরকে উপস্থিত পাওয়া যায়নি, যা অত্যন্ত উদ্বেগজনক ও অনভিপ্রেত হিসেবে প্রতীয়মান হয়। এ প্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক সংশ্লিষ্ট সকল জোন অফিসকে নির্ধারিত ডিউটি রোস্টার কঠোরভাবে অনুসরণপূর্বক দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করেন। পাশাপাশি সংশ্লিষ্ট জোনের নির্বাহী প্রকৌশলী ও অন্যান্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সার্বক্ষণিক তদারকি জোরদার করার জন্য নির্দেশ দেন।

তিনি আরও সতর্ক করে বলেন, ভবিষ্যতে এ ধরনের অনিয়ম পরিলক্ষিত হলে ঢাকা ওয়াসার প্রচলিত বিধি-বিধান অনুযায়ী সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।


২৯/০৩/২০২৬

মোঃ ইমরুল হাসান

উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা

জনতথ্য বিভাগ

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ।